গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
ফেনী সরকারি কলেজ,ফেনী

তারিখ : ১৯/০৭/২০২৬ খ্রি.

## ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার নিয়মিত,অনিয়মিত ও গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের ফরম পূরণ সংক্রান্ত সংশোধিত বিজ্ঞপ্তি

সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষের নিয়মিত, ২০২০-২০২১,২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের অনিয়মিত ও গ্রেড উন্নয়ন এবং ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের শুধুমাত্র Promoted শিক্ষার্থীগণ F গ্রেড প্রাপ্ত কোর্সে ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। ফরম পূরণ সংক্রান্ত যাবতীয় কার্যক্রম Online এর মাধ্যমে সম্পন্ন করা হবে। পরীক্ষার আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ, আনুষাঙ্গিক নিয়ম এবং শর্তাবলী নিম্নরূপ :

**জাতীয় বিশ্ববিদ্যালয় বিধিমোতাবেক ইনকোর্স পরীক্ষায় যে সকল শিক্ষার্থী অংশগ্রহণ করে নাই তারা ফরম পূরণের জন্য অযোগ্য বলে বিবেচিত হবে।**

বিষয়ভিত্তিক আবেদন ফরম পূরণ ও জমাদানের তারিখ দেয়া হল :

| ক্রমিক নং | বিষয় | জমাদানের তারিখ | জমাদানের স্থান |
|---|---|---|---|
| ০১ | বাংলা,ইংরেজী,ইসলামের ইতিহাস ও সংস্কৃতি,ইতিহাস,দর্শন রাষ্ট্রবিজ্ঞান ,সমাজকর্ম,অর্থনীতি, পদার্থ, রসায়ন হিসাব বিজ্ঞান,ব্যবস্থাপনা, প্রাণীবিজ্ঞান,উদ্ভিদবিজ্ঞান,গণিত | ২০/০৭/২০২৬ সোমবার ও ২১/০৭/২০২৬ মঙ্গলবার | স্ব স্ব বিভাগ সকাল ১০: ০০ থেকে বিকাল ৪ : টা পর্যন্ত |

০১. **আবেদন ফরম সংগ্রহ ঃ** অনার্স ২য় বর্ষ পরীক্ষার আবেদন ফরম পরীক্ষার্থী নিজে অথবা কলেজ কর্তৃপক্ষ জাতীয় বিশ্ববিদ্যালয়ের উল্লিখিত ওয়েব সাইট (ems.nu.ac.bd/www.nubd.info/honours) থেকে রেজিস্ট্রেশন নম্বর দিয়ে সঠিকভাবে পূরণ করে Download-এর মাধ্যমে প্রিন্ট কপি নির্ধারিত ফিসহ স্ব-স্ব বিভাগে জমা দিতে হবে।

০২. পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলীঃ

**নিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২৪ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২৪ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

**অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য**

২০২০-২০২১,২০২১-২০২২ ও ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশ্রাহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২৪ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারাই ২০২৪ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি কোর্সে এবং "F" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০২৪ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C, C+ এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহয়-করতে পারবে সর্বোচ্চ ২ টি কোর্সে।যে সকল শিক্ষার্থী ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯, ২০১৯-২০২০, ২০২০-২০২১ ও ২০২১-২০২২ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২৫ সালের পরীক্ষায় F গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। F গ্রেডকে উচ্চেতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না। ২০২৪ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পত্রে ২০২৪ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে।

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলীঃ

২০১৭-২০১৮ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫৫০০/- (পাঁচ হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২৫ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না। উল্লেখ্য ব্যবহারিক পরীক্ষার গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

**বিষয় ভিত্তিক পরীক্ষার ফি (নিয়মিত ও অনিয়মিত)**

**সেশন ফি ও পরীক্ষার ফি নিম্নরূপ**

| ক্রমিক নং | বিষয় | পরীক্ষার ফি নিয়মিত | পরীক্ষার ফি অনিয়মিত | সেশন ফি | মোট |
|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান,সমাজকর্ম,অর্থনীতি, হিসাববিজ্ঞান ও ব্যবস্থাপনা | ৩০৫০ | ফরমে উল্লেখিত ফি এর সাথে ৮০০ টাকা অতিরিক্ত জমা দিতে হবে | ২৬২০ | ৫৬৭০ |
| | ইংরেজি | ২৭৫০ | ফরমে উল্লেখিত ফি এর সাথে ৮০০ টাকা অতিরিক্ত জমা দিতে হবে | ২৫০০ | ৫২৫০ |
| ০২ | রসায়ন | ৪০২৫ | ফরমে উল্লেখিত ফি এর সাথে ১৩২৫ টাকা অতিরিক্ত জমা দিতে হবে | ২৭২০ | ৬৭৪৫ |
| ০৩ | উদ্ভিদ, পদার্থবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত | ৩৮৫০ | ফরমে উল্লেখিত ফি এর সাথে ১১৫০ টাকা অতিরিক্ত জমা দিতে হবে | ২৭২০ | ৬৫৭০ |

**অকৃতকার্য ও মানউন্নন গ্রেড উন্নয়ন পরীক্ষার ফি:**

| | ১ বিষয় | ২ বিষয় | ৩ বিষয় | ৪ বিষয় | ৫ বিষয় | ৬ বিষয় |
|---|---|---|---|---|---|---|
| গ্রেড উন্নয়ন | ফরমে উল্লিখিত ফি+৫০০ | ফরমে উল্লিখিত ফি+৫০০ | ফরমে উল্লিখিত ফি+৫০০ | ফরমে উল্লিখিত ফি+৫০০ | ফরমে উল্লিখিত ফি+৫০০ | ফরমে উল্লিখিত ফি+৫০০ |

**বিশেষ দ্রষ্টব্য : Conditional Promoted (c- Promoted)** পরীক্ষার্থীদের জন্য নির্ধারিত ফি এর পর অতিরিক্ত বিশেষ অন্তর্ভুক্তি ফি বাবদ পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১৫০০/- (এক হাজার পাঁচশত) টাকা ফি প্রদান করতে হবে।

**ফরমপূরণের টাকা জমাদান পদ্ধতি :** নিয়মিত,অনিয়মিত, অকৃতকার্য ও মানউন্নয়ন শিক্ষার্থীদের ফরম পূরণ ফি জমাদানের ওয়েব সাইট https://sbl.com.bd:7070/CollegeFee/Payment/FormFillUp লগ ইন করে রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করে সোনালী ব্যাংক লিমিটেড এর নিজস্ব পেমেন্ট গেটওয়ে " সোনালী পেমেন্ট গেটওয়ে (SPG)''এর মাধ্যমে অনলাইন ফান্ড ট্রান্সফার (সোনালী ব্যাংক লিমিটেড এর একাউন্ট টু একাউন্ট), সোনালী ই-ওয়ালেট, সোনালী ব্যাংক লিমিটেড এর ডেবিট/ক্রেডিট/প্রি-পেইড কার্ড, যে কোন ব্যাংকের ভিসা/মাস্টারকার্ড/এমেক্স কার্ড,নেক্সাস কার্ড, মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিসেস-বিকাশ/নগদ/রকেট/উপায়/ট্যাপ (Tap)/OK Wallet যে কোন ১ টি ব্যবহার করে পেমেন্ট করতে হবে। পেমেন্ট অপশনে যদি (০) থাকে তাহলে বিজ্ঞপ্তিতে উল্লেখিত টাকার পরিমাণ লিখে টাকা পেমেন্ট করতে হবে।

**পরীক্ষার্থীদের জন্য করণীয় :** Online এ পূরণকৃত ফরমপূরণ এর ফরম, রেজিষ্ট্রেশন কার্ড ও টাকা জমাদানের প্রিন্ট কপি সংযুক্ত করে নির্দেশনা মোতাবেক নির্ধারিত সময়ে স্ব স্ব বিভাগে জমা দিতে হবে

২২/৭/২৬

অধ্যক্ষ
ফেনী সরকারি কলেজ, ফেনী